

## আগ্রহ প্রকাশ পত্র (Expression of Interest)

### ১. TOGETHER!-Towards Greater Effectiveness and Timeliness in Humanitarian Emergency Response

কোস্ট ট্রাস্ট (COAST Trust) ও মাল্টিজার ইন্টারন্যাশনাল (Malteser International) জার্মানির ফেডারেল পররাষ্ট্র অফিসের সহযোগিতায় বাংলাদেশে “TOGETHER!-Towards Greater Effectiveness and Timeliness in Humanitarian Emergency Response” শিরোনামে একটি স্থানীয়করণ (Localization) প্রকল্প বাস্তবায়ন করছে। তিন বছর মেয়াদি এই প্রকল্পটির লক্ষ্য হলো এশিয়া, আফ্রিকা, ল্যাটিন আমেরিকার মোট ৮টি দেশের ৪০টি জাতীয় বা স্থানীয় এনজিও বা সংস্থার সক্ষমতা বৃদ্ধি করা এবং পাশাপাশি অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে তাদের প্রাতিষ্ঠানিক ও প্রশাসনিক দক্ষতা আরোও শক্তিশালী করা। এর ফলে স্থানীয় বেসকারি প্রতিষ্ঠানসমূহ (LNGOs) যে কোন ধরনের মানবিক সংকটে যথাসময়ে কার্যকর সাড়া দানে সক্ষম হবে।

TOGETHER!-প্রকল্পটি একটি পরিপূরক ও মর্যাদাপূর্ণ অংশীদারিত্ব প্রতিষ্ঠায় কাজ করবে। পাশাপাশি, প্রকল্পটি বিভিন্ন মানবিক সংকটে সর্বপ্রথম ও প্রধান সাড়াদানকারী হিসেবে স্থানীয় অংশীদারদের অবদানকে উৎসাহিত এবং সংগঠিত করতে সহায়তা করবে। স্থানীয় মানবিক সংস্থাগুলোর চাহিদা ও অগ্রাধিকার এবং দেশের বৃহত্তর মানবিক প্রেক্ষাপট বিবেচনা করে দক্ষতা শক্তিশালীকরণ এবং বিনিময় কার্যক্রমগুলো নেয়া হবে। এর ফলে স্থানীয় মানবিক সংস্থাগুলো উদ্ভাবনী মানবিক কার্যক্রমে ও প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির জন্য তহবিল পাবে। একই সাথে এই প্রকল্পটি স্থানীয় মানবিক সংস্থাদের প্রযুক্তিগত সহায়তা ও পরামর্শমূলক সেবা প্রদান করবে। পাশাপাশি জ্ঞান বিনিময়, শেখা, ও প্রমাণ ভিত্তিক উত্তম অনুশীলনের জন্য প্ল্যাটফর্ম তৈরি করবে। সকল অংশীদারের পারস্পরিক সহযোগিতা ও সক্রিয় অংশগ্রহণের উপর প্রকল্পের সফলতা নির্ভর করবে।

### ২. কোস্ট ট্রাস্ট এবং মাল্টিজার ইন্টারন্যাশনাল-এর সম্পর্ক ও সংস্থা সম্পর্কিত সাধারণ তথ্য

কোস্ট ট্রাস্ট ([www.coastbd.net](http://www.coastbd.net)) বাংলাদেশের একটি স্বতন্ত্র, অলাভজনক ও উপকূলীয় উন্নয়নের প্রতিশ্রুতিবদ্ধ একটি বেসকারি সংস্থা (NGO)। কোস্ট ট্রাস্ট এনজিও বিষয়ক ব্যুরো ও বাংলাদেশ ব্যাংকের মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (MRA) থেকে নিবন্ধিত একটি সংস্থা। পাশাপাশি, সংস্থাটির জাতিসংঘের সামাজিক ও অর্থনৈতিক কাউন্সিলের (UN ECOSOC) বিশেষ কন্সালট্যান্ট স্ট্যাটাস রয়েছে। এছাড়া সংস্থাটি এইচকিউএআই(HQAI) দ্বারাও সার্টিফাইড। কোস্ট ট্রাস্ট মাল্টিজার ইন্টারন্যাশনাল ও বিএমজে অর্থায়নে কক্সবাজারে একোর্ড নামে একটি একটি প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পের প্রধান কাজ হলো স্থানীয় হোস্ট কমিউনিটির জীবন ও জীবিকার উন্নয়নে কাজ করা। TOGETHER!-প্রকল্পের ক্ষেত্রে কোস্ট ট্রাস্ট বাংলাদেশ মাল্টিজার ইন্টারন্যাশনালের প্রধান অংশীদার (Principle Partner) হিসেবে কাজ করছে। সরকারের নিকট জবাবদিহিতা সম্পর্কিত বিষয়সমূহ যেমন প্রকল্পের অনুমোদন, বার্ষিক অডিট রিপোর্ট, সংশোধনীসহ বার্ষিক প্রতিবেদন বাস্তবায়নে কোস্ট ট্রাস্ট প্রতিশ্রুতিবদ্ধ। কোস্ট ট্রাস্ট TOGETHER! প্রকল্পের বাংলাদেশের কান্ট্রি অফিসের হোস্ট হিসেবে দায়িত্ব পালন করছে।

অর্ডার অফ মাল্টার বিশ্বব্যাপী ত্রাণ সংস্থা-মাল্টিজার ইন্টারন্যাশনাল আফ্রিকা, এশিয়া ও আমেরিকার ২৮টিরও অধিক দেশে মানবিক সহায়তায় কাজ করে থাকে। সংস্থাটি ধর্ম, উৎস, কিংবা রাজনীতিক সম্পদকে বিবেচনা না নিয়ে যাদের প্রকৃতপক্ষে সাহায্য প্রয়োজন তাদের জন্যই কাজ করে থাকে। এর রূপকল্প বা অভীষ্ট হলো জরুরী ত্রাণ সরবরাহের পাশাপাশি পুনর্বাসনেও কাজ করা। এছাড়া সংস্থাটি জরুরি ত্রাণ এবং টেকসই উন্নয়নের মধ্যকার স্টেটুসেও কাজ করে থাকে। খ্রিস্টান মূল্যবোধ এবং নিরপেক্ষ ও স্বাধীন মানবিক নীতিতে উদ্ভুদ্ধ হয়ে ত্রাণ, পুনর্গঠন ও পুনর্বাসন, স্বাস্থ্য ও পুষ্টি, পানি, স্যানিটেশন এবং হাইজিন (ওয়াশ), জীবিকা ও সামাজিক কর্মসূচি এবং দুর্যোগের ঝুঁকি হ্রাসে সংস্থাটি কাজ করে থাকে।

২০১৭ সালে বাংলাদেশে রোহিঙ্গা আগমনের ঠিক পর থেকেই মাল্টিজার ইন্টারন্যাশনাল বাংলাদেশে কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্তমানে কক্সবাজার জেলায় এবং দেশের উত্তরাঞ্চলের বন্যাকবলিত জেলাসমূহে সংস্থাটি কাজ করছে। স্থানীয় হোস্ট কমিউনিটির জন্য মাল্টিজার ইন্টারন্যাশনাল একটি প্রকল্প বাস্তবায়ন করছে, এর জন্য কক্সবাজারে মাঠ পর্যায়ে একটি অফিস রয়েছে। বাংলাদেশে মাল্টিজার ইন্টারন্যাশনালের ৫ জন কর্মী রয়েছে এবং দুইটি অংশীদারী সংস্থা রয়েছে। এই সংস্থাটি সাধারণত প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান, কমিউনিটি পর্যায়ে স্বাস্থ্য এবং স্বাস্থ্যবিধি প্রচার, পুষ্টি পরিষেবা, ওয়াশ কার্যক্রম, জীবিকা/ আয় বর্ধমূলক কাজ এবং দুর্যোগের পরে ত্রাণ সহায়তা ইত্যাদি কার্যক্রমে জড়িত।

### ৩. আবেদন সংক্রান্ত তথ্য ও নির্বাচনের প্রক্রিয়া

তিন বছর মেয়াদি এই প্রকল্পের অংশ হতে আগ্রহী এবং উৎসাহী জাতীয় বা স্থানীয় মানবিক সংস্থার কাছ থেকে আমরা আবেদন প্রত্যাশা করি। অংশীদার নির্বাচন প্রক্রিয়াটি দুই ধাপে সম্পন্ন করা হবে। প্রথম পর্যায়ে, আপনার আগ্রহ, অনুপ্রেরণা, প্রত্যাশা এবং সংযোজন মানের ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচন করা হবে। দ্বিতীয় পর্যায়ে, অংশগ্রহণমূলক মূল্যায়নের মাধ্যমে ৫টি স্থানীয় মানবিক সংস্থা নির্বাচন করা হবে যারা একে অপরের পরিপূরক হিসেবে কাজ করবে এবং পাশাপাশি এই প্রকল্পের সার্বিক সফলতার জন্য কাজ করবে।

অনুগ্রহ করে, আবেদন ফরমটি পূরণ করবেন। এই আবেদন ফরমে আপনার সংস্থা সম্পর্কিত মৌলিক তথ্যবলি, কেন এই প্রকল্পে সম্পৃক্ত হতে চান সে বিষয়ে উপস্থাপনা, প্রকল্প থেকে আপনার প্রত্যাশা এবং আপনার সংস্থা কিভাবে এই প্রকল্পের কার্যক্রমকে আরো বেশি সফল ও ফলপ্রসূ করতে পারবে সেই বিষয়সমূহ উল্লেখ করুন। নির্বাচনের জন্য উল্লেখিত বিষয়সমূহ প্রধান যোগ্যতা বা মানদণ্ড হিসেবে বিবেচিত হবে। অনুগ্রহ করে আবেদন ফরমে উল্লেখিত অন্যান্য সহায়ত কাগজপত্রও জমা দিন।

## ৪. স্থানীয় মানবিক সংস্থার যোগ্যতা ও মানদণ্ড

যে কোন স্থানীয় বা জাতীয় সংস্থার নিচের কর্মসূচি সম্পর্কিত ও প্রশাসনিক যোগ্যতাসমূহ থাকলে, সেই সংস্থাকে আগ্রহ পত্র দাখিল করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

### ৪.১ প্রোগাম বা কর্মসূচিত সম্পর্কিত যোগ্যতা

১. বাংলাদেশের চট্টগাম, বরিশাল, খুলনা, রংপুর ও ময়মনসিংহ বিভাগের যে কোন একটি বিভাগে সংস্থারটির সরাসরি মানবিক কার্যক্রম বাস্তবায়ন করার অভিজ্ঞতা থাকতে হবে।
২. প্রকল্পের অধীষ্ট স্থানীয় অন্যান্য মানবিক জরুরী মানবিক সাড়াদানকারী সংস্থাসমূহের সাথে শেয়ার করার আগ্রহ থাকতে হবে।
৩. পরবর্তীতে মানবিক কার্যক্রমে সাড়াদানের জন্য আগ্রহ ও দক্ষতা থাকতে হবে।
৪. কান্ট্রি স্টিয়ারিং কমিটির সাথে সক্রিয় অংশগ্রহণ করতে হবে এবং যৌথ উদ্যোগ বাস্তবায়ন, অভিজ্ঞতা বিনিময়ে আগ্রহী হতে হবে।
৫. মানবিক সহায়তা কার্যক্রম কিংবা প্রস্তুতি কার্যক্রমে পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে এবং মানবিক কিংবা উন্নয়ন কার্যক্রমের জন্য ডাবল ম্যাণ্ডেট থাকতে হবে।
৬. পশ্চাৎপদ, হতদরিদ্র ও বিপদাপন্ন জনগোষ্ঠীর সাথে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
৭. কার্যকর মানবিক কার্যক্রমের প্রস্তুতি, সাড়াদান, সমন্বয়, এডভোকেসির জন্য নিজেদের মূল্যায়নের জন্য একটি মূল্যায়ন কৌশল তৈরি এবং বাস্তবায়নের জন্য কৌশল নির্মাণে প্রতিশ্রুতিবদ্ধ থাকতে হবে।
৮. মানবিক সহায়তা কার্যক্রমের পাশাপাশি এডভোকেসিতে সরাসরি কার্যকর অংশগ্রহণের আগ্রহ থাকতে হবে।
৯. প্রকল্প শেষ হওয়ার পরেও যাতে সংস্থা টিকে থাকে এবং মানবিক কার্যক্রমে কার্যকরভাবে অংশগ্রহণ করতে পারে এ ব্যাপারে কৌশল নির্ধারণ ও প্রস্তুত করতে হবে।
১০. দলগত সংহতি, সমন্বয় ও সংহতকরণে আগ্রহ থাকতে হবে। অন্যান্য স্থানীয় সংস্থার দক্ষতা বৃদ্ধিতে কাজ করতে হবে। এর ফলে পরবর্তীতে সে সকল স্থানীয় মানবিক সংস্থা ব্যক্তি ও কমিউনিটি পর্যায়ে তাদের করণীয় সম্পর্কে নিজেরাই অবগত হয়ে যথাসময়ে কার্যকর ভূমিকা পালন করতে পারে।
১১. ইতোমধ্যে স্বতন্ত্রভাবে যথেষ্ট পরিমাণে আন্তর্জাতিক অনুদান/ সহযোগিতা পায়নি এমন সংস্থা।
১২. কেবলমাত্র ব্যতিক্রম ক্ষেত্রেই এই প্রকল্পের অনুরূপ দীর্ঘমেয়াদি সক্ষমতা শক্তিশালীকরণ প্রকল্প থাকতে পারবে।

### ৪.২ প্রশাসনিক যোগ্যতা

১. একটি অলাভজনক, বেসকারি প্রতিষ্ঠান হতে হবে এবং অবশ্যই বাংলাদেশ এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধন থাকতে হবে। পাশাপাশি, স্থানীয় কমিউনিটিতে বা স্থানীয় পর্যায়ে মানবিক সহায়তা কার্যক্রম ও সাড়াদানে অন্তত পাঁচ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
২. প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে একজন অভিজ্ঞ ও দক্ষতা সম্পন্ন স্টাফ বা কর্মী নিয়োগ প্রদানে সক্ষম হতে হবে। (স্টাফ বা কর্মীর বেতন প্রকল্প থেকে প্রদান করা হবে)
৩. রেফারেন্স চেক ও দুই দিক দিয়েই ঝুঁকি নিরূপণে (Two-way risk assessment) আগ্রহ থাকতে হবে।
৪. বিশ্বাস ও সম্মান, পারস্পারিক পরিপূরতা, স্বচ্ছতা, দুর্নীতি দমন এবং জবাবদিহিতার মূলনীতির উপর ভিত্তি করে অংশীদারিত্ব করতে হবে।
৫. মানবিক স্ট্যান্ডার্ড যেমন কোর হিউম্যানিটিয়ারিয়ান স্ট্যান্ডার্ড (CHS), আন্তর্জাতিক রেড ক্রস ও রেড ক্রিসেন্ট সোসাইটির কোড অব কন্ডাক্ট, দুর্যোগের ক্ষেত্রে ত্রাণ বিতরণে এনজিও কার্যক্রম ও নীতিমালা, কারো ক্ষতি নয় এই ধারণার সাথে একমত থাকা, স্ফেয়ার, জেভার ও ডাইভারসিটি, কমিনিউটি এনগেজমেন্ট এন্ড একাউন্টিবিলিটি (সিইএ), শিশু সুরক্ষা, সেফগার্ডিং, যৌন হয়রানি থেকে সুরক্ষা সম্পর্কিত বিষয়সমূহকে সম্মান করা ও পালন করতে অবশ্যই সংস্থাকে প্রতিশ্রুতিবদ্ধ থাকতে হবে।

## ৫. আত্মহ পত্র জমা দেওয়ার জন্য প্রয়োজনীয় তথ্য

আগামী ১২ নভেম্বর ২০২০ থেকে আত্মহপত্র সম্পর্কিত বিস্তারিত তথ্য ও আবেদন ফরম কোস্ট ট্রাস্টের ওয়েবসাইটে পাওয়া যাবে। ওয়েবসাইটের ঠিকানা <https://coastbd.net/expression-of-interest-eoi/> থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে অনলাইনেই আবেদন ফরম পূরণ করা যাবে। অনলাইনে ছাড়া ইমেইলে বা ডাকযোগে কোনও আবেদন গ্রহণ করা হবে না।

এই বিষয়ে আরো তথ্য জানতে বা এই বিষয়ে কোনও জিজ্ঞাসা থাকলে তা এই ইমেইলের [together@coastbd.net](mailto:together@coastbd.net) মাধ্যমে জানানোর অনুরোধ করা হচ্ছে। যত দ্রুত সম্ভব সমস্ত তথ্য বা জিজ্ঞাসা ফিরতি ইমেইলে জানিয়ে দেওয়া হবে।

আবেদনপত্র দাখিল করার শেষ সময়: ২৮ নভেম্বর ২০২০ (বিকাল ৫ টা)

আবেদন অনলাইনে বাংলায় অথবা ইংরেজিতে জমা দেওয়া যাবে। সকল আবেদনকারী স্থানীয় সংস্থাকে পরবর্তিতে ফলাফল জানানো হবে এবং প্রকল্পের ভবিষ্যত কার্যক্রমেও অংশগ্রহণের ক্ষেত্রে অধিকার প্রদান করা হবে। তবে বাছাইকৃত স্থানীয় এনজিও/সংস্থাসমূহের সাথে পরবর্তী মূল্যায়ন প্রক্রিয়ার জন্য যোগাযোগ করা হবে।

এ বিষয়ে কোন প্রকার তদবির আবেদনকারীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। ওয়েবসাইটে আবেদন করা এবং উল্লেখিত ইমেইল ছাড়া অন্য কোন মাধ্যমে অথবা সরাসরি বা ব্যক্তিগত যোগাযোগও আবেদনকারীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।